দৈনিক সংবাদ

তারিখ 19 MAR 1993 পৃষ্ঠা ৮ কলাম ৪

# শিক্ষা সচিবের সাথে শিক্ষক সমিতি নেতৃবৃন্দের খোলামেলা আলোচনা

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় কমিটির নেতৃবৃন্দ গতকাল বৃহস্পতিবার সচিবালয়ে শিক্ষা সচিব ইরশাদুল হকের সাথে দেখা করে শিক্ষা ও শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা সভা করেন। প্রায় দু'ঘন্টাব্যাপী এ আলোচনায় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসারে বেসরকারী শিক্ষকদের সমস্যা সমাধানকল্পে উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির রিপোর্ট চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর কাছে পেশ করা, বেসরকারী শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম অবিলম্বে চালুকরণ, শিক্ষার পরিবেশ ও মানোন্নয়নের লক্ষ্যে বাস্তব ও কার্যকর ব্যবস্থা গ্রহণ, শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূলের কার্যকর পদক্ষেপ গ্রহণ, শিক্ষা অধিদপ্তরে অবাধ ঘুষ ও দুর্নীতি বন্ধ করার ব্যবস্থা গ্রহণ, সর্বোপরি বিচ্ছিন্ন ও বিক্ষিপ্তভাবে স্কুল, কলেজ সরকারীকরণের পরিবর্তে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট জাতীয় নীতিমালার মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষকদের পেশাগত মর্যাদা সমুন্নত করণের লক্ষ্যে সামগ্রিকভাবে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ ইত্যাদি বিষয়ে আন্তরিকতাপূর্ণ ও খোলামেলা আলোচনা হয়। শিক্ষা সচিব আলোচিত বিষয়সমূহে শিক্ষা ব্যবস্থা তথা জাতীয় স্বার্থে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষক সমাজের বৃহত্তর কল্যাণে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটির রিপোর্ট শীঘ্রই চূড়ান্তকরণ এবং শিক্ষক কল্যাণ ট্রাস্ট চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। বৈঠকে উপস্থিত প্রতিনিধিবৃন্দের মধ্যে আলোচনায় অংশ নেন ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ, জয়েন্ট সেক্রেটারী জেনারেল আজিজুল হক শাহ, সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম ও দপ্তর সম্পাদক অধ্যাপক আসাদুল হক। প্রেস বিজ্ঞপ্তি।